



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## রাজস্থলীতে হেডম্যান দীপময় তঞ্চঙ্গ্যাকে খুনের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার ২৩ অক্টোবর ২০১৯ এক বিবৃতিতে জেলার রাজস্থলীতে হেডম্যান ও সাবেক ইউপি চেয়ারম্যান দীপময় তঞ্চঙ্গ্যাকে (৪৫) অপহরণের পর হত্যার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি বলেন গতকাল ২:৩০টার দিকে একদল সশস্ত্র সন্ত্রাসী বুলন্ত ব্রিজের পাশে বগাপাড়া থেকে তাকে জোরপূর্বক অপহরণ করে নিয়ে যায় এবং আজ সকালে হলুদিয়া পাড়ায় তার লাশ পাওয়া যায়।

ইউপিডিএফ নেতা জানান, ঘটনার পর এলাকার জনগণ তাকে উদ্ধারের জন্য স্থানীয় ক্যাম্পে গিয়ে দাবি জানালেও এ ব্যাপারে প্রশাসন কোন প্রকার পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হয়েছে।

তিনি দীপময় তঞ্চঙ্গ্যার খুনের জন্য প্রশাসনের নির্লিপ্ততা ও জুম্মদের মধ্যে ভ্রাতৃঘাতি সংঘাত জারী রাখার সরকারের একটি মহলের প্রচেষ্টাকে দায়ি করে বলেন, বান্দরবানসহ সারা পার্বত্য চট্টগ্রামে একের পর এক হত্যাকাণ্ডের পরও অপরাধীদের বিচার ও শাস্তি না হওয়ায় সন্ত্রাসীরা এসব অপকর্ম চালিয়ে যেতে সাহস পাচ্ছে।

সচল চাকমা অবিলম্বে দীপময় তঞ্চঙ্গ্যার খুনীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য সরকারের প্রতি দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।